



২৯শে মে, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর হাসপাতালের বিছানায় হাতকড়া পড়িয়ে চিকিৎসা প্রদান সংক্রান্ত ঘটনায় আদালতের রুল

আজ ২৯শে মে ২০১৭ তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর হাসপাতালের বিছানায় হাতকড়া পড়ানো অবস্থায় চিকিৎসা প্রদান প্রসঙ্গে রুল জারি করেছেন মহামান্য হাইকোর্ট বিভাগ। অসুস্থ শিক্ষার্থীকে হাতকড়া পরা অবস্থায় চিকিৎসা দেওয়া কেন বেআইনি হবে না তা জানতে চেয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ রুল জারি করেছেন। এ ঘটনায় আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহসিনুল কাদিরকে (ওসি) তলব করেছেন হাইকোর্ট। আগামী ৩১শে মে আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সশরীরে আদালতে হাজির হয়ে এ বিষয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। বিচারপতি সালমা মাসুদ চৌধুরী ও বিচারপতি একেএম জহিরুল হকের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। আগামী ২ সপ্তাহের মধ্যে স্বরাষ্ট্র সচিব, পুলিশের আইজিপি, ঢাকা রেঞ্জের ডিআইজি, ঢাকা জেলার পুলিশ সুপার ও আশুলিয়া থানার ওসিকে রুলের জবাব দিতে বলা হয়েছে। পাশাপাশি হাতকড়া পড়ানো অবস্থায় চিকিৎসা প্রদান কেন পুলিশ রেগুলেশন অব বেঙ্গল (পিআরবি) এর রুল ৩৩০ (ক) এর লংঘন হবে না তার কারণ দর্শানোর জন্য নির্দেশ দেন।

গত ২৭ শে মে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থীর মৃত্যুর প্রতিবাদে আন্দোলনরত শিক্ষার্থী নাজমুল হোসেন উপাচার্যের বাসভবনের সামনে থেকে আটক হন। বিভিন্ন সংবাদমাধ্যমে তাকে হাসপাতালের বেড়ে হাতে হ্যান্ডকাফ পড়িয়ে চিকিৎসা দেওয়ার ছবি এবং সংবাদ প্রকাশিত হয়। প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, শনিবার রাত সাড়ে বারোটোর দিকে উপাচার্যের বাসভবনের সামনে থেকে নাজমুলসহ প্রায় ৪২জনকে আটক করে পুলিশ। অসুস্থ থাকায় আশুলিয়া থানা পুলিশের হেফাজতে হ্যান্ডকাফ পড়া অবস্থায় সাভারের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় নাজমুলকে।

বিষয়টি আলতের নজরে আনেন ব্লাস্টের আইন উপদেষ্টা ও পরিচালক এস এম রেজাউল করিম।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd